গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর।
www.unofardpursadar@ gov.bd.

হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর সদর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/সংস্থা/ পেশাজীবীদের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। প্রথম পর্যায়ে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্রে সন্তোষজনক দর না পাওয়া গেলে পরবর্তী তারিখসমূহে পর্যায়ক্রমে সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণ করা যাবে এবং এর জন্য আলাদা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

ক্র: নং	ইউনিয়ন	হাট বাজারের নাম	বাংলা ১৪৩২ সালের সরকারি মূল্য	সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য)
১.	ঈশানগোপালপুর	লক্ষীদাসের গো হাট	২৭৫৩৬০৮	৬২০০
২.	,,	লক্ষীদাসের বিবিধ হাট-বাজার	১৮৮৭৩১০	৪৪০০
৩.		গোপালপুর হাট-বাজার	২০৮৪৬৭	১২০০
৪.	,,	লক্ষীদাসের বাঁশ হাট	৬৭৬০	৫০০
৫.	,,	পিঁঠাকুমড়ার বাজার	২৪৩৬৭০	১২০০
৬.	,,	আনন্দ বাজার(বিবিধ হাট ও পশু হাট)	৩৯৯০৪৭	১৪০০
৭.	,,	আরিফ বাজার	৫৪৮০৬	৫০০
৮.	চরমাধবদিয়া	মমিনখার হাট-বাজার	৩৪৫৭৯৬৯	৭৬০০
৯.	,,	খলিল মন্ডলের হাট-বাজার	৬২৫০৬৭	২০০০
১০.	"	আফজাল মন্ডলের বিবিধ হাট-বাজার	৯২৭৫০	৫০০
১১.	,,	আফজাল মন্ডলের গো হাট	১১৩৬৩৫৯২	২৩৪০০
১২.	নর্থচ্যানেল	গোলজার মন্ডলের হাট-বাজার	২৯৮৭৮	৫০০
১৩.	ডিক্রিরচর	ধলার মোড় হাট-বাজার	১৫১৯৩৩	১০০০
১৪.	"	সি.এন্ড. বি ঘাট হাট-বাজার	১৮২৩৩৯৬	৪৪০০
১৫.	"	মোহন মিয়ার হাট	২৩৭৩	৫০০
১৬.	মাচ্চর	খলিলপুর হাট-বাজার	৩৯০৭১৬০	৮৬০০
১৭.	,,	ধূলদী হাট-বাজার	২৮২৯৪১	১২০০
১৮.	,,	পরানপুর হাট-বাজার	১৫২৪৩৯	১০০০
১৯.	,,	ধূলদী রেলগেট বাজার	১৬৬৮২৮	১০০০
২০.	"	দয়ারামপুর জ্ঞানদিয়া বাজার	৬৩৯৫৩	৫০০
২১.	,,	খলিলপুর গো- হাট	৪৮৯৭২	৫০০
২২.	অম্বিকাপুর	চৌধুরী বাজার	৭৯৯৫৯	৫০০
২৩.	"	তালতলার হাট	৫৭২৯৩২	১৮০০
২৪.	"	মোশাররফ মৃধার হাট	৩৭০৩	৫০০
২৫.	"	কাচারির টেক হাট-বাজার	৭৮৯৭০	৫০০
২৬.	কৃষ্ণনগর	সদরদী হাট-বাজার	২২৩৯৩৮	১২০০
২৭.	,,	মল্লিকপুর হাট-বাজার	৩৩১০৭৩	১৪০০
২৮.	"	জাফর বাজার	১৫৫৪৬৭	১০০০
২৯.	,,	পরমানন্দপুর গো হাট	৪৯১৩১৮১	১০৬০০
৩০.	"	কালীতলা বাজার	১৯৬৭৯৩	১০০০
৩১.	কানাইপুর	কানাইপুর গো হাট	৪২৬৯৭৯৯	৯২০০
৩২.	"	কানাইপুর বিবিধ হাট-বাজার	৭৩৮১৬৪৮	১৫৪০০
৩৩.	"	ফুরসা চুঙ্গির মোড় হাট-বাজার	৪৪২৭২৭	১৬০০
৩৪.	,,	রণকাইল ফকির হাট-বাজার	৪৫৬৫	৫০০
৩৫.	কৈজুরী	তাম্বুলখানা হাট-বাজার	৭৭৬৪৮৯	২২০০
৩৬.	,,	ঘোড়া দহ হাট-বাজার	২৫৮৭২	৫০০

২নং পৃঃ দ্রঃ

ক্র: নং	ইউনিয়ন	হাট বাজারের নাম	বাংলা ১৪৩২ সালের সরকারি মূল্য	সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য)
৩৭.	কৈজুরী	বিলনালিয়া মাদ্রাসা বাজার	৮২৩২৭	৫০০
৩৮.	”	আকইন ক্লাব বাজার	৩০১০	৫০০
৩৯.	গেরদা	নিখুরদী হাট-বাজার	৪০৫৩	৫০০
৪০.	,,	বাখুন্ডা হাট-বাজার	৯০৬৩৩৫	২৬০০
৪১.	,,	মহিলারোড চৌধুরী মোহনমিয়া হাট-বাজার	৪৪০২৫৩	১৬০০
৪২.	চাঁদপুর	চাঁদপুর হাট	৮৪৭২৯৩	২৪০০

দরপত্র/সিডিউল বিক্রয়/গ্রহণের সময়সূচি:

দরপত্র আহ্বানের পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	১২ ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. ২৯ মাঘ/১৪৩১ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	১৩ ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. ৩০ মাঘ/১৪৩১ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর-এ উপস্থিত দরদাতার সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
২য় পর্যায়	০৫ মার্চ/২০২৫ খ্রি. ২০ ফাল্গুন/১৪৩১ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	৬ মার্চ/২০২৫ খ্রি. ২১ ফাল্গুন/১৪৩১ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	
৩য় পর্যায়	২৪ মার্চ/২০২৫ খ্রি. ১০ চৈত্র/১৪৩১ বঙ্গাব্দ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত	২৫ মার্চ/২০২৫ খ্রি. ১১ চৈত্র/১৪৩১ বঙ্গাব্দ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩-০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।	

- **দরপত্র/সিডিউল বিক্রয়ের স্থান:** (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
  (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর।
  (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফরিদপুর সদর।
  (ঘ) কোতয়ালী থানা,ফরিদপুর।
  (ঙ) সোনালী ব্যাংক লিঃ, সদর উপজেলা কমপ্লেক্স শাখা:, ফরিদপুর।

- **দরপত্র দাখিলের স্থান :** (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
  (খ) পুলিশ সুপারের কার্যালয়,ফরিদপুর।
  (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর।
  (ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফরিদপুর সদর।

হাট-বাজার ইজারার শর্তাবলী:

১। বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। আয়কর কোড নং ১১১০২১৫১০২৪১৯-১১১১১০১ এবং ভ্যাট কোড নং ১/১১৩৩/০০০৫/০৩১১।

৪ প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দরগ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৩নং পৃঃ দ্রঃ

৫। এক হাট-বাজারের জন্য ক্রয় কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০১/২০২৫

(আবুল কালাম মোঃ লুৎফর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর
ফোন : ০২৪৭৮৮০২৫০২
E-mail: unofaridpur@mopa.gov.bd.

২২/১/২৫

স্মারক নং০৫.১২.২৯৪৭.০০০.৩২.০০১.২৫- ৫৮ (১৫০) তারিখ: ২২/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ বহুল প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। জেলাপ্রশাসক, ফরিদপুর।
২। পুলিশসুপার, ফরিদপুর।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
৪। প্রশাসক, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর ।
৬। জেলা ....কর্মকর্তা, ফরিদপুর।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ...,ফরিদপুর।
৮। সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর সদর।
৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ফরিদপুর।

৪নং পৃঃ দ্রঃ

১০। অফিসার-ইন-চার্জ, কোতয়ালী থানা, ফরিদপুর ।

১১। উপজেলা ....কর্মকর্তা, ফরিদপুর সদর।

১২। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ(সকল), ফরিদপুর সদর।

১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...ভূমি অফিস(সকল), ফরিদপুর সদর।

১৪। জনাব ....
ইজারাদার, ...হাট-বাজার বাংলা ১৪৩১সাল।

১৫। জনাব মোঃ আক্তার মোল্যা,অফিস সহায়ক,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর। তাকে ২/৩ জন শ্রমিক নিয়ে ফরিদপুর সদর উপজেলার বিভিন্ন হাট-বাজারে, ঘাটে ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তির কপি লটকানোর জন্য বলা হলো। এছাড়া বিজ্ঞপ্তির কপি একাধিকবার মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্যও বলা হলো।

১৬। অফিসনথি।

২২/০২/২০২৫

(আবুল কালাম মোঃ লুৎফর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর।

২২/২/২৫